



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

বকশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd



নং বামাশিবো/রিক/সদর-গাইবান্ধা-২৩৫/০২/১৯

তারিখ: ০৬/৯/২০১৮


অফিস আদেশ

শিক্ষা মন্ত্রণালয়ের ২৮/০৮/২০১৮ তারিখের ৫৭.০০.০০০০.০৭৫.০২৮.০৪.১৮-২৫৫ সংখ্যক পত্র মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব আয় হতে শিক্ষক/কর্মচারীগণের বেতন ভাতা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক বহন করা হবে এবং এমপিও দাবী করা হবে না মর্মে মাদ্রাসা কর্তৃপক্ষ অঙ্গীকারনামা জমা দেয়ার পরিশ্রেক্ষিতে গাইবান্ধা জেলার সদর উপজেলাধীন গাইবান্ধা ডাকঘরের অন্তর্গত দারুল হুদা আলিম মাদ্রাসায় আলিম স্তরে একাডেমিক স্বীকৃতি নিম্নবর্ণিত শর্তে ০১/০৭/২০১৮ তারিখ হতে ৩০/০৬/২০২৩ পর্যন্ত ০৫ (পাঁচ) বছরের জন্য দেয়া হলো। মাদ্রাসার কোড: 19985, EHN: 121181.

পালনীয় শর্তাবলী:

১. বিধি মোতাবেক সকল পদে নিবন্ধনকৃত শিক্ষক নিয়োগ করতে হবে।
২. স্বীকৃতি প্রাপ্তির পর স্বীকৃতি সংক্রান্ত কোন সমস্যার উদ্ভব হলে তাৎক্ষণিক মাদ্রাসার স্বীকৃতি প্রত্যাহার করা হবে।
৩. প্রত্যেক শ্রেণিতে বিশেষ করে উপরের শ্রেণিসমূহে ছাত্র/ছাত্রী সংখ্যা বৃদ্ধি করতে হবে।
৪. আলিম চূড়ান্ত পরীক্ষার ফলাফল গুণগত ও সংখ্যাগত দিক দিয়ে সন্তোষজনক হতে হবে।
৫. ছাত্র/ছাত্রীদের জন্য পৃথক পৃথক শৌচাগার নির্মাণ করতে হবে।
৬. জনবল কাঠামোর নীতিমালা অনুযায়ী শিক্ষক/শিক্ষিকা ও কর্মচারী নিয়োগ করতে হবে।
৭. মাদ্রাসার প্রধান গৃহকে পাকা করতে হবে।
৮. মাদ্রাসার ক্যাম্পাসে ২৫০/৫০০টি বৃক্ষ রোপন, পরিচর্যা ও সংরক্ষণ করতে হবে।
৯. পাঠাগারে অনূন ২০০০ খানা বই থাকতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


(মো: আবুল বাসার)

মাদ্রাসা পরিদর্শক

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।



তারিখ: ০৬/৯/২০১৮

✓ অধ্যক্ষ


দারুল হুদা আলিম মাদ্রাসা

ডাকঘর- গাইবান্ধা, উপজেলা- সদর, জেলা- গাইবান্ধা।

নং বামাশিবো/রিক/সদর-গাইবান্ধা-২৩৫/০২/১৯

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, রমনা, ঢাকা।
২. পরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়, পলাশী, নীলক্ষেত, ঢাকা
৩. রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
৪. পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
৫. জেলা প্রশাসক, গাইবান্ধা।
৬. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
ঢাকা/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/বরিশাল/সিলেট অঞ্চল
৭. উপজেলা নির্বাহী অফিসার, সদর, গাইবান্ধা।
৮. জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা।
৯. অফিস কপি।


(মো: হোসেন)

উপ-পরিদর্শক

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।